# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

নং-১২৩৪/ক/অনু:/২০২৬/৯৮৯৫ তারিখ: ০৭/০৯/২০২৬

**বিষয় : ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং-৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০৩.২১.১৮৮, তারিখ: ২৭/০৮/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলাধীন **"গোলাকান্দাইল মজিবর রহমান ভূঁইয়া স্কুল এন্ড কলেজ"** এ নিম্নোক্ত শর্ত সাপেক্ষে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষ হতে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো। এ অনুমতির মেয়াদ ৩ (তিন) বছর কার্যকর থাকবে এবং এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

**শাখাসমূহ :**

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা ৩। বিজ্ঞান

**বিষয়সমূহ :**

আবশ্যিক :
১। বাংলা
২। ইংরেজি
৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক :
১। পৌরনীতি ও সুশাসন
২। সমাজকর্ম
৩। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
৪। যুক্তিবিদ্যা

ব্যবসায় শিক্ষা :
১। হিসাববিজ্ঞান
২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
৩। ফিন্যান্স ব্যাংকিং ও বীমা
৪। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন

বিজ্ঞান :
১। পদার্থ
২। রসায়ন
৩। জীববিজ্ঞান
৪। উচ্চতর গণিত

**শর্তসমূহ:**

১। নীতিমালা অনুযায়ী সঠিক পরিমাণে জমি থাকতে হবে এবং উক্ত জমিতে ভবন নির্মান করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়াকৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না;

২। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;

৩। আগামী ০১ (এক) বছরের মধ্যে শিক্ষার্থীর সংখ্যা ও পরীক্ষার্থীর সংখ্যা সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে;

৪। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;

৫। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না;

৬। সরকারি নীতিমালা অনুযায়ী NTRCA কর্তৃক সুপারিশকৃত শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ণ বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।

(অপর পাতায় দ্রষ্টব্য...................২)

৭। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে;

৮। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না;

৯। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।

১০। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।

১১। প্রতিষ্ঠানের EIIN NO উল্লেখ পূর্বক অতিসত্বর কলেজ কোড নম্বর সংগ্রহের জন্য বোর্ডে আবেদন করতে হবে।

১২। **কলেজের আসন সংখ্যা-** মানবিক শাখায় **৫০ জন**, ব্যবসায় শিক্ষা শাখায় **৫০ জন**, বিজ্ঞান শাখায় **৫০ জন**, **শিফট:** দিবা, **ভার্সন:** বাংলা, **সহশিক্ষা** ।

১৩। **বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা -২০২২ (সংশোধিত-২০২৩)** অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে।

১৪। উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বা:

**প্রফেসর মুনসী হুমায়ুন কবির**
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৮৬১২৪৭৬
ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

**অধ্যক্ষ**
গোলাকান্দাইল মজিবর রহমান ভূঁইয়া স্কুল এন্ড কলেজ (GOLAKANDAIL MAJIBUR RAHMAN BHUIAN SCHOOL & COLLEGE)
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

মেমো নং- ৯৮৯৫(৮) তারিখ: ০৭/০৯/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
৫। পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। সভাপতি, ম্যানেজিং/গভর্নিং বডি, গোলাকান্দাইল মজিবর রহমান ভূঁইয়া স্কুল এন্ড কলেজ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ ।
৯। অফিস কপি।

07/09/24

কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।